16 DEC 2002

যুগান্তর

# সারাদেশে ছাত্রদলের নতুন নেতাদের জাঁকজমকপূর্ণ সম্মেলন হচ্ছে আগামীকাল কক্সবাজারে

আনোয়ার আলদীন ॥ আগামীকাল মঙ্গলবার সারাদেশের ছাত্রদলের নয়া নেতৃত্ব ও সাবেক নেতাদের তিনদিনের মিলনমেলা বসছে সৈকত নগরী কক্সবাজারে। দুই শতাধিক নেতা এতে যোগ দিচ্ছেন। ইতিমধ্যেই ছাত্রনেতাদের শিক্ষামূলক সাগর বিহারের জন্য ভাড়া করা হয়েছে বিশাল এক জাহাজ। সম্মেলন উৎসবে প্রধান অতিথি থাকবেন বিএনপি'র এক নম্বর যুগ্মমহাসচিব

(১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## সারাদেশে ছাত্রদলের

(শেষ পৃষ্ঠার পর)

তারেক রহমান। মঙ্গলবার সকালে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের মাজার জিয়ারতের পর ছাত্র নেতারা ঢাকা থেকে সাতটি বাসে চড়ে যাত্রা করবেন। বুধবার সমুদ্র সৈকতের ধারেই 'হোটেল সী-গাল' প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে ছাত্রদলের কক্সবাজার জেলা শাখার সম্মেলন। ইতিমধ্যে ছাত্রদলের ৮৭টি সাংগঠনিক জেলা শাখায় কাউন্সিলের মাধ্যমে সরাসরি ভোটে নয়া নেতৃত্ব নির্বাচিত হয়েছে। তারেক রহমানের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ছাত্রদলের পুনর্গঠন প্রক্রিয়ার দায়িত্ব পালনকারী কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির ৩১ জন নেতা, ছাত্রদলের আট জন সাবেক নেতা ও দেশের জেলা কমিটিগুলোর ১৭২ জন সভাপতি ও সাধারণ সম্পাদক উৎসবে অংশ নিচ্ছেন। কক্সবাজার থেকে সেন্টমার্টিন ভ্রমণ করবেন নেতৃবৃন্দ।

কক্সবাজারের সম্মেলনে বসবে উন্মুক্ত আলোচনা। এতে তারেক রহমান ছাত্র রাজনীতি সম্পর্কে নবনির্বাচিত নেতাদের কাছ থেকে মতামত শুনবেন। পরে তিনি সাংগঠনিক কার্যক্রম পরিচালনার দিক-নির্দেশনা দেবেন। পাশাপাশি নতুন কেন্দ্রীয় কমিটি গঠনে নেতাদের মতামত নেয়া হবে। ১ জানুয়ারি ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী এবার উদযাপন করবে নতুন কমিটি।

মাত্র আড়াই মাসে প্রথমে তৃণমূল পর্যায়ে পর্যবেক্ষণ, দ্বিতীয় পর্যায়ে পর্যবেক্ষণ টিমের রিপোর্ট পর্যালোচনা এবং শেষে সরাসরি কাউন্সিলরদের ভোটের মাধ্যমে ছাত্রদলের নতুন কমিটি গঠন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। নবনির্বাচিত এই নেতৃত্বে কোন অছাত্র, মাস্তান, বিবাহিত, টেন্ডারবাজের ঠাঁই হয়নি বলে জানা গেছে।